

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৫৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাকা আত সংখ্যা নিয়ে সংশয়ে নিপতিত ব্যক্তি যখন নিম্ন সংখ্যা ধরে তার উপর সালাত পূর্ণ করবে, তখন তার জন্য জরুরী হলো সালাম ফেরানোর আগে দুটো সাহু সাজদা করা; সালাম ফেরানোর পরে নয়

ذِكْنُ الْبَيَانِ بِأَنَّ الْبَانِيَ عَلَى الْأَقَلِّ فِي صَلَاتِهِ عِنْدَ شَكِّهِ عَلَيْهِ أَنْ يَسْجُدَ سَجْدَتَيِ السَّهْوِ قَبْلَ السَّلَام لَا بَعْدَهُ

আরবী

2653 _ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا صَفْوَانُ بْنُ صَالِحٍ قَالَ: حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ عَنْ مَالِكِ بْنِ أَنسٍ عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِذَا صَلَّى أَحَدُكُمْ فَلَمْ يَدْرِ ثَلَاثًا صَلَّى الْخُدْرِيِّ أَنْ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِذَا صَلَّى أَحَدُكُمْ فَلَمْ يَدْرِ ثَلَاثًا صَلَّى الْخُدْرِيِّ أَمْ أَرْبَعًا فَلْيُصَلِّ رَكْعَةً وَلْيَسْجُدُ سَجْدَتَيْنِ قَبْلَ السَّلَامِ فَإِنْ كَانَتْ ثَالِثَةً شَفَعَتْهَا السَّجْدَتَانِ وَإِنْ كَانَتْ ثَالِثَةً شَفَعَتْهَا السَّجْدَتَانِ وَإِنْ كَانَتْ ثَالِثَةً شَفَعَتْهَا السَّجْدَتَانِ وَإِنْ كَانَتْ رَابِعَةً فَالسَّجْدَتَانِ تَرْغِيمٌ للشيطان) وَإِنْ كَانَتْ رَابِعَةً فَالسَّجْدَتَانِ تَرْغِيمٌ للشيطان) الراوي : أَبُو سَعِيدٍ الْخُدْرِيِّ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : الراوي : أَبُو سَعِيدٍ الْخُدْرِيِّ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 2653 ا خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) الصفحة أو الرقم: وَقَعَ اللَّهُ عَنْهُ -: رَوَى هَذَا الْخَبَرَ أَحْمَدُ بْنُ حَنْبَلٍ عَنْ صَفُوانَ بَن صَالَح.

বাংলা

২৬৫৩. আবূ সা'ঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "যখন তোমাদের কেউ সালাত আদায় করে, অতঃপর সে জানতে পারে না যে, সে তিন রাকা'আত নাকি চার রাকা'আত সালাত আদায় করেছে, তবে সে যেন আরেক রাকা'আত সালাত আদায় করে এবং সালাম ফেরানোর আগে দুটি সাহু সাজদা করে। যদি আদতে সেটি তৃতীয় রাকা'আত হয়, তবে এই দুটি সাজদা সেটাকে জোড় সংখ্যায় পরিণত করবে আর যদি সেটা চতুর্থ রাকা'আত হয়, তবে সাজদা দুটি শয়তানের জন্য



'অবমাননাকারী' হিসেবে পরিগণিত হবে।"[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "এই হাদীসটি আহমাদ বিন হাম্বল রহিমাহুল্লাহ সাফওয়ান বিন সালিহ রহিমাহুল্লাহ থেকে বর্ণনা করেছেন।"

ফুটনোট

[1] মুয়াতা ইমাম মালিক: ১/৯৫; আবূ দাউদ: ১০২৬; তাহাবী: ১/৪৩৩; সুনান বাইহাকী: ২/৩৩১; বাগাবী: ৭৫৪; মুসনাদ আহমাদ: ৩/৭২; দারেমী: ১/৩৫১; সহীহ মুসলিম: ৫৭১; নাসাঈ: ৩/২৭; আবূ আওয়ানা: ২/১৯৩; ইবনুল জারূদ: ২৪১; দারাকুতনী: ১/৩৭৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৯৪২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবু সা'ঈদ খুদরী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন